



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল  
আঞ্চলিক কার্যালয়, রাজশাহী  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
দৈনিক বার্তা কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), ঘোড়ামারা, রাজশাহী, ফোনঃ  
০২৫৮৮৮৫১৫০২



নম্বর: ৫৬.০১.৮১০০.০১৫.০২.০০৩.১৬.৮৫

তারিখ: ২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়: ভর্তি বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টাঙানো এবং ছাত্র-ছাত্রীদের অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর আওতাধীন দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী—তে তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষ মানবসম্পদ গঠনে আইসিটি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। দ্রুত পরিবর্তনশীল বিশ্বে তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন আধুনিক নাগরিক সমাজ গঠনের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নে বিসিসি উদ্যোগ গ্রহণ করেছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে কিশোর কিশোরীদের জন্য বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে আয়োজিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স সমূহ আপনার ছাত্র-ছাত্রীদের তথ্য প্রযুক্তির ভিত্তি গঠনে ভূমিকা রাখতে পারবে বলে আমরা আশাবাদি।

কোর্সের নাম	যাদের জন্য	কোর্স ফি	কোর্স শুরুর সম্ভব্য তারিখ
Coding for Juniors using Scratch	ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিক্ষার্থী	১,৫০০/-	০৭/১০/২০২৩
C Programming for Young Learners	নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী	৬০০/-	০৯/১০/২০২৩

ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে সকাল ১০:০০ থেকে দুপুর ১:০০ অথবা দুপুর ১:০০ থেকে বিকাল ৪:০০ পর্যন্ত দুইটি সময় থেকে যে কোন একটি সময় বেছে নেওয়ার সুযোগ রয়েছে। ভর্তি বিজ্ঞপ্তি আপনার শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টাঙানো এবং ছাত্র-ছাত্রীদের অবহিত করার জন্য বিশেষ অনুরোধ জানানো হ'ল।

১৭-০৯-২০২৩  
সনৎ কুমার দাস  
আঞ্চলিক পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) চলতি দায়িত্ব, প্রশিক্ষণ ও উন্নয়ন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং
- ২। সচিব, মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

